দৈনিক ইনকিলাব

293
তারিখ DEC. 1 8 1999
পৃষ্ঠা ৩ কলাম ৮

# ঢাবি'র ৫ জন শিক্ষক ইব্রাহিম স্মারক স্বর্ণ পদকে ভূষিত

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫ জন শিক্ষক বিভিন্ন শিক্ষাবর্ষে তাদের অনন্য সাধারণ গবেষণার জন্য 'বিচারপতি ইব্রাহিম স্মারক স্বর্ণপদকে' ভূষিত হয়েছেন। বিচারপতি ইব্রাহিম স্মারক ফাউন্ডেশনের ট্রাস্টি বোর্ডের সুপারিশক্রমে সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট তাদের এই স্বর্ণপদক প্রদানের সিদ্ধান্ত অনুমোদন করে। বিভিন্ন শিক্ষাবর্ষের জন্য যারা এই স্বর্ণপদক লাভ করেন তাদের মধ্যে রয়েছেন ঃ বাংলা বিভাগের অধ্যাপক ডঃ ওয়াকিল আহমদ (১৯৯০-৯১), পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ হিরণ্ময় সেনগুপ্ত (১৯৯১-৯২), হিসাব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ মুস্তাফিজুর রহমান (১৯৯২-৯৩), প্রাণরসায়ন বিভাগের অধ্যাপক ডঃ এম আনোয়ার হোসেন (১৯৯৩-৯৪) এবং উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ডঃ একেএম নজরুল ইসলাম (১৯৯৫-৯৬)।